

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ শাখা।

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-১৯৫

তারিখ : ০২.০৬.২০১৩ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা  
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অধীন “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” কর্মসূচির অনুকূলে চলতি ২০১২-২০১৩ অর্থ বছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থের আরপিএ (জিওবি) খাত হতে ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ ১৯৯৮.০০ লক্ষ (উনিশ কোটি আটানব্বই লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১২-২০১৩ অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে আরপিএ (জিওবি) খাতের (১৫.০৫.২০১৩ তারিখের ৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-১৭৪ সংখ্যক স্মারকে বর্ণিত অনুমোদিত বিভাজন অনুযায়ী) ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ ১৯৯৮.০০ লক্ষ (উনিশ কোটি আটানব্বই লক্ষ) (রাজস্ব-৮৭৪.০০ লক্ষ + মূলধন-১১২৪.০০ লক্ষ) অবমুক্তকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছি। এই ব্যয় চলতি ২০১২-২০১৩ অর্থ বছরে ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এর আওতায় এইচপিএনএসডিপি’র আওতাধীন “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” (কোড নং-৫-২৭১৬-৫০২০) এর অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে।

তবে শর্ত থাকে যে,

- এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথ ভাবে পালন করতে হবে ;
- ছাড়কৃত অর্থের ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- এই অর্থ ব্যয়ে সরকারী সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে ;
- কর্মসূচির অপারেশনাল প্ল্যানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক এই অর্থ ব্যয় করতে হবে ;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত রতে হবে; এবং

২। অর্থ বিভাগের ৩০.০৫.২০১৩ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১৬.৪৭.২০১২-১৬৩ নম্বর স্মারকে প্রদত্ত সম্মতিক্রমে এই আদেশ জারী করা হল।

(হুমায়রা সুলতানা)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৪০

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-১৯৫/১(৬)

তারিখ : ০২.০৬.২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, সেবা পরিদপ্তর ও লাইন ডাইরেক্টর, নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস, মতিঝিল, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. যুগ্ম-সচিব (আঃব্যঃঅঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(হুমায়রা সুলতানা)  
উপ-সচিব